In order to expand the company's business auto gas (LPG) marketing activities are being undertaken at the filling stations under the Company's marketing network nationwide alongside petroleum products. The Company has already signed agreements with 6 (Six) auto gas operators in this regard. Various steps have been taken by the Company to increase the sales volume of petroleum products and to mitigate operating expenses of agrochemicals business. In order to reduce the operating expenses of agrochemicals business, appropriate steps have taken by reviewing the current market segment and closing the offices of the comparatively less selling regions by consolidating with adjacent offices and by reorganizing the manpower. As a result, the operating expenditure in the agrochemicals sector was reduced by Taka 3.30 crore or 17.13% in the year under review as compared to the last year.

Progress of development works in FY 2020-21:

Work is underway to implement various projects undertaken by the company. A 23 storied head office building with two basements and one semi-basement is under construction on its own 0.42 acres of land in Agrabad commercial area of Chattogram. Basement

অফিস বিল্ডিং নির্মাণাধীন। ইতোমধ্যে বেইজমেন্ট এবং সেমিবেইজমেন্টের কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে ভবনের ডিজাইন মডিফিকেশনের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। ঢাকা পলিবাগে কোম্পানির নিজস্ব ১.৮৮ একর জমিতে অতিরিক্ত দু'টি বেইজমেন্টসহ ১২তলা ভবন নির্মাণের লক্ষ্যে কোম্পানির সাথে নির্বাচিত ঠিকাদারের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং ভবনের নির্মাণ কাজ শুরু হয়েছে। এছাড়া, কোম্পানি কর্তৃক রাষ্ট্রীয় স্বার্থে স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানি লিমিটেড থেকে কক্সবাজার বিমানবন্দর এভিয়েশন ডিপোর মালিকানা ও পরিচালনার দায়িত্ব গ্রহণ করার বিষয়টি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। সরকার কর্তৃক ঢাকা, চট্টগ্রাম ও সিলেটের পর কক্সবাজার বিমানবন্দরকে চতুর্থ আন্তর্জাতিক বিমানবন্দরে পরিণত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। রানওয়ে সম্প্রসারণ প্রকল্পের আওতায় ইতোমধ্যে কক্সবাজার বিমানবন্দরের ৯,০০০ ফুট রানওয়ে নির্মাণ কাজ শেষ হয়েছে। সেই সঙ্গে আরও ১৭০০ ফুট রানওয়ে সম্প্রসারণ হবে। এই ১৭০০ ফুট হবে বকোসাগরের মহেশখালী চ্যানেলের ওপরে। কক্সবাজার বিমানবন্দর আন্তর্জাতিক বিমানবন্দরে পরিণত হলে কোম্পানির এভিয়েশন ফ্যুয়েল জেট এ-১ এর বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পাবে মর্মে আশাবাদ ব্যক্ত করা যায়। এছাড়া, পদ্মা অয়েল কোম্পানি লিমিটেডসহ তিনটি তেল বিপণন কোম্পানির চট্টগ্রামস্থ প্রধান স্থাপনায় পরিচালন কার্যক্রম আধুনিক উপায়ে সম্পন্নের নিমিত্ত অটোমেশন কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। এ লক্ষ্যে ইতোমধ্যে আন্তর্জাতিক পরামর্শক নিয়োগ করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের কাজ চলমান রয়েছে। পর্যায়ক্রমে দেশের বিভিন্ন স্থানে স্থাপিত ডিপোসমূহে পরিচালন কার্যক্রম আধুনিকায়নের ব্যবস্থা করা হবে। কোম্পানির ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে ভৈরববাজার বার্ড ডিপোর পরিবর্তে স্থায়ী রিভারাইন ডিপো নির্মাণের কাজ শুরু হয়েছে এবং ইতোমধ্যে ৬টি ট্যাংকের ফাউন্ডেশন নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। বরিশাল বার্ড ডিপোর পরিবর্তে স্থায়ী রিভারাইন ডিপো নির্মাণের লক্ষ্যে নিজস্ব জমি ক্রয়ের কার্যক্রম চলমান রয়েছে।

পতেঙ্গা কোম্পানির প্রধান স্থাপনা হতে শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর সংলগ্ন জেট এ-১ ডিপো, চট্টগ্রামে পাইপ লাইনযোগে তেল সরবরাহের জন্য বিমানবাহিনী অধিদপ্তর হক খাঁড়ি, চট্টগ্রাম এবং বিমানবন্দরের ভিতর দিয়ে জেট এ-১ ভূগর্ভস্থ পাইপ লাইন স্থাপনের নিমিত্ত গৃহীত প্রকল্পের নির্মাণ কাজের নিমিত্ত ঠিকাদার নিয়োগের জন্য ইতোপূর্বে আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হয়। অধিক সংখ্যক দরদাতার অংশগ্রহণে দরপত্র প্রতিযোগিতামূলক করার জন্য প্রকল্পের পুনঃপ্রাক্কলনসহ পুনঃদরপত্র আহ্বান প্রক্রিয়াধীন আছে।

এছাড়া, দেশের সর্বত্র নিরবচ্ছিন্ন জ্বালানি তেল সরবরাহ নিশ্চিতকরণ ও জোজা পর্যায়ে অধিকতর সেবা প্রদানের লক্ষ্যে ডিপো সম্প্রসারণ, জ্বালানি তেলের ধারণক্ষমতা বৃদ্ধি এবং সৌত

and semi-basement work has already been completed. Work on the design modification of the building is currently in the final stage. An agreement has been signed between the Company and the selected contractor for the construction of a 12-storied modern residential cum commercial building with two additional basements on the Company's 1.88-acre owned land at Paribag in Dhaka and the construction of the building has started. In addition, the Company is in the final stage of taking over the ownership and management of Cox's Bazar Airport Aviation depot from Standard Asiatic Oil Company Limited in the national interest. The government has planned to turn Cox's Bazar Airport into the fourth international airport after Dhaka, Chattogram and Sylhet. The construction work of 9000 feet runway of Cox's Bazar Airport has already been completed. With that another 1700 feet runway will be expanded. 1700 feet runway will be constructed on the Maheshkhali channel in the Bay of Bengal. It is expected that sales of the company's Aviation Fuel Jet-1 will be increased when Cox's Bazar Airport will become an international airport. In addition, automation activities have been undertaken to modernize the operations of three oil marketing companies' main installation in Chattogram including Padma Oil Company Limited. For this purpose, an international consultant has already been appointed. The feasibility study of the project is underway by the consulting firm. The operational activities in various depots established in different places of the country will also be modernized in phases. In order to expand the business of the Company, construction work of permanent riverine depot in place of barge depot at Bhairab Bazar has been started and construction of foundation of 6 tanks has already been completed. Purchasing of own land for establishing permanent riverine depot in place of barge depot in Barishal is in progress.

An international tender was floated earlier for the appointment of a contractor for the work of the project for installation of Jet A-1 underground pipeline through Jahurul Haque Base, Bangladesh Air force, Chattogram and Shah Amanat Airport, Chattogram to supply Jet A-1 fuel to the Company's Jet A-1 depot adjoining Shah Amanat Airport through pipeline from the Company's Main Installation in Patenga. Re-tendering process is underway including re-evaluation of the project cost for competitive bidding with the participation of a large number of tenderers.

Besides, development projects like expansion of depot, increase the capacity of fuel oil and physical infrastructural expansion program have been undertaken in order to ensure uninterrupted supply of

অবকাঠামোগত উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

লভ্যাংশ:

শেয়ারহোল্ডারদের প্রতি দায়বদ্ধতার কারণে অব্যাহত প্রচেষ্টার মাধ্যমে দীর্ঘমেয়াদী শেয়ারহোল্ডার ভ্যালু বৃদ্ধির জন্য আমরা অবিরাম কাজ করে যাচ্ছি। এ বছর পরিচালনা পর্ষদ কর্তৃক শেয়ারহোল্ডারদের জন্য গত বছরের ন্যায় শেয়ার প্রতি ১২৫% হারে নগদ লভ্যাংশ প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে।

আমাদের উদ্দেশ্য:

আপনারা জানেন, জ্বালানি খাত অর্থনীতির সবচেয়ে গুরুত্বপূর্ণ খাত। জ্বালানি তেলের সরবরাহ ও মূল্যের পরিবর্তনশীলতা ব্যাপক অর্থনীতিকে নরুণভাবে প্রভাবিত করে। জ্বালানি তেল বিপণন কোম্পানিসমূহ দেশ তথা জনগণের সেবা প্রদানকে অধিক গুরুত্ব প্রদান করে থাকে। পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড জ্বালানি তেল ও অ্যাগ্রোকেমিক্যালস পণ্য বিপণনকারী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান দেশের প্রত্যন্ত অঞ্চলে নিরবচ্ছিন্ন জ্বালানি তেল সরবরাহের মাধ্যমে দেশের সামগ্রিক অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। তাছাড়া, কোম্পানি অ্যাগ্রোকেমিক্যালস পণ্য বিপণনের মাধ্যমে দেশের কৃষি নির্ভর অর্থনীতিতে অবদান রেখে চলেছে। বাংলাদেশের অর্থনীতিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ খাত হচ্ছে কৃষি খাত। বাংলাদেশের মোট শ্রমশক্তির একটি বড় অংশ কৃষি খাতে নিয়োজিত এবং ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাময়িক হিসাব অনুসারে জিডিপিতে এর অবদান ১৩.৪৭ শতাংশ।

কোম্পানির প্রধান লক্ষ্য হলো, সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে যথাসময়ে জনগণের দোরগোড়ায় সরকার নির্ধারিত মূল্যে জ্বালানি তেল সরবরাহ নিশ্চিতকরণ এবং সুষ্ঠুভাবে বিপণন কার্যক্রম পরিচালনা করা। এছাড়া, পরিবেশ বান্ধব ও মানসম্মত কৃষিজাত কীটনাশক সরবরাহের মাধ্যমে কৃষি পণ্যের উৎপাদন বৃদ্ধি এবং বিপণন কার্যক্রমের মাধ্যমে ভোক্তা পর্যায়ে সেবা প্রদান করা।

২০২১-২২ অর্থবছরে কোম্পানির লক্ষ্য:

আগামী অর্থবছরে কোম্পানির লক্ষ্য থাকবে বরাবরের মতো সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশের সর্বত্র নিরবচ্ছিন্নভাবে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে মানসম্মত পেট্রোলিয়াম পণ্য সরবরাহের মাধ্যমে দেশে জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ। এছাড়া, কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারাদেশে পরিবেশবান্ধব ও মানসম্মত কৃষি রাসায়নিক পণ্য সরবরাহ জোরদারকরণ। কোম্পানির ব্যবসা সম্প্রসারণের জন্য গৃহীত প্রকল্পসমূহ এগিয়ে নিতে চাই। সর্বোপরি, আমাদের লক্ষ্য থাকবে আগামী বছর কোম্পানির মুনাফার প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে শেয়ারহোল্ডারস ভ্যালু বৃদ্ধি করা।

petroleum products throughout the country and providing more services to the consumer level.

Dividend:

We are working hard to increase the long-term shareholders' value by our diligence and continuous efforts due to our commitment to shareholders. This year, the Board of Directors has recommended to pay cash dividend to the honorable shareholders at the rate of 125 % per share as like previous year.

Our Motto:

You know that fuel sector is the most important sector of the economy. Microeconomic indicators are being greatly influenced by the supply and change of price of the petroleum products. Oil-marketing companies give more priority towards the services of the people of the country. Padma Oil Company Limited, is one of the leading fuel oil as well as agrochemicals marketing Companies in the country. The Company is playing important role in the overall economy of the country through the uninterrupted supply of petroleum products all over the country. Moreover, the Company has been contributing to the agro based economy through the production and marketing of agrochemicals products. The agricultural sector is the most important sector in Bangladesh economy. It employed a large portion of Bangladesh's total labor force and according to the provisional estimate of Bangladesh Bureau of Statistics (BBS), it accounted for about 13.47 percent of GDP in FY 2020-21.

The main goal of the Company is to ensure supply of fuel oil to the doorsteps of the people on time at government's fixed price through proper management of the Company and to operate marketing activities in organized way. Besides, the Company is also trying to strengthen the supply of environmental-friendly and quality agrochemicals products to increase the production of agricultural products and providing services to the consumers through organized marketing activities.


Focus on FY 2020-21:

Our focus on FY 2020-21 will be to ensure energy security of the country through uninterrupted supply of quality petroleum products at government regulated price. In addition, the Company's aim is to strengthen the supply of environmental-friendly and proper agrochemical products across the country to increase the country's agricultural production. We want to take forward the projects adopted by the Company to expand the business. Above all, our goal for the next year is to maximize the shareholders' value by earning significant growth on profitability of the Company.

ধন্যবাদ ও কৃতজ্ঞতা:

পরিশেষে, আমি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনকে সঠিক ও সময় উপযোগী দিক নির্দেশনা প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমি পরিচালনা পর্ষদের সদস্যগণকে তাঁদের আন্তরিক প্রচেষ্টার জন্য, কোম্পানির ব্যবস্থাপনা টিম, কর্মকর্তা-কর্মচারীগণকে তাঁদের উদ্যোগ ও সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তাঁদের সহযোগিতা ছাড়া কোম্পানির পক্ষে অর্জিত লক্ষ্যে পৌঁছানো সম্ভব ছিলো না। রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানি ও ফার্মসমূহ, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড, নিরীক্ষকবৃন্দ, সম্মানিত গ্রাহকসহ কোম্পানির সকল শুভানুধ্যায়ীদের অব্যাহত সমর্থন এবং দিক-নির্দেশনা প্রদানের জন্য জানাই গভীর কৃতজ্ঞতা।

আব্বাস হাফেজ-




(মোঃ মাহবুব হোসেন)

চেয়ারম্যান

Thanks & Gratitude:

Finally, I would like to convey my sincere thanks and profound gratitude to Energy & Mineral Resources Division and Bangladesh Petroleum Corporation for the timely and proper directions. I would also like to thank each member of the Board of Directors for their collective efforts and the management team, all the officials and staff of the Company for their sincere efforts and supports. Without their co-operations it was not possible for the Company to achieve its desired goal. I express my gratitude to Registrar of Joint Stock Companies and Firms, Bangladesh Securities and Exchange Commission, Dhaka Stock Exchange Ltd., Chittagong Stock Exchange Ltd., Central Depository Bangladesh Ltd., our auditors, customers and all well-wisher of the Company for their continuous support and directions.

Allah Hafez



(Md. Mahbub Hossain)

Chairman

পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহিম,
সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,
আসসালামু আলাইকুম,

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড-এর পরিচালনা পর্ষদ কোম্পানির ৫২তম বার্ষিক প্রতিবেদন আপনাদের নিকট উপস্থাপন করতে পেরে অত্যন্ত আনন্দিত। বাংলাদেশের জন্য ২০২১ সালটি ছিল তাৎপর্যপূর্ণ। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী, মুজিব জন্মশতবর্ষ ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন করেছে জাতি। পরিচালনা পর্ষদ আপনাদের সবাইকে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিব জন্মশতবর্ষের শুভেচ্ছা জানাচ্ছে। একই সাথে যারা করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে এবং যারা অসুস্থ রয়েছেন তাদের দ্রুত আরোগ্যলাভ কামনা করছে।

কোম্পানির ৩০শে জুন ২০২১ তারিখের সমাপ্ত বছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন ও নিরীক্ষকদের প্রতিবেদনসহ নিরীক্ষিত হিসাব বিবরণী কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের নিকট বিবেচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করতে পেরে পরিচালনা পর্ষদ সম্মানিত বোধ করছে। এ প্রতিবেদনে ২০২০-২১ অর্থবছরের বাংলাদেশের অর্থনৈতিক পরিস্থিতি, জ্বালানি ও অ্যাগ্রোকেমিক্যালস শিল্পের পর্যালোচনা, কোম্পানির আর্থিক, পরিচালন ও কর্পোরেট গভর্নেন্সের দায়িত্ব পালনের কার্যক্রম উপস্থাপনসহ কোম্পানির সার্বিক অবস্থান ও সম্ভাবনার উপর আলোকপাত করা হয়েছে।

আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকরণ:

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড-এর আর্থিক বিবরণীসমূহ কোম্পানির কার্যক্রমে এবং এর পরিচালন, নগদ প্রবাহ ও ইকুইটি পরিবর্তনের ফলাফলের উপর একটি সঠিক ও স্বচ্ছ বিবরণ প্রদান করে। উপস্থাপিত হিসাব বিবরণীসমূহ বাংলাদেশ নিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ রুলস ১৯৮৭ এর সংশ্লিষ্ট তফসিল, কোম্পানি আইন, ১৯৯৪ এর সংশ্লিষ্ট ধারা এবং আন্তর্জাতিক হিসাব মান (আইএএস) ও আন্তর্জাতিক আর্থিক রিপোর্টিং মান (আইএফআরএস) অনুযায়ী প্রস্তুত করা হয়েছে। এতে সম্মানিত শেয়ারহোল্ডারগণের নিকট কোম্পানির সার্বিক ব্যবসায়িক কার্যক্রমের একটি সঠিক ও স্বচ্ছ বিবরণ তুলে ধরা হয়েছে। হিসাব বিবরণীসমূহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুত করা হয়েছে, যা বার্ষিক সাধারণ সভায় নিয়োগপ্রাপ্ত

Board of Directors' Report

Bismillahir Rahmanir Rahim,
Dear Shareholders,
Assalamu Alaikum,

The Board of Directors of the Padma Oil Company Limited takes immense pleasure to present the 52nd Annual Report of the Company to our valued shareholders. The year 2021 was significant for Bangladesh. The nation has celebrated the golden jubilee of independence, the birth centenary of Bangabandhu Sheikh Mujibur Rahman and the golden jubilee of victory. The Board of Directors would like to convey to you all the best wishes of the golden jubilee of our independence and birth centenary of Bangabandhu Sheikh Mujibur Rahman. At the same time, we are praying for the forgiveness of the departed souls of those who died from COVID-19 and early recovery of those who are sick.

It is an honor for the Board of Directors to present the Directors' Report together with the audited Financial Statements of the Company for the year ended 30 June 2021 and the Auditors' Report thereon to our valued shareholders for consideration and approval. The Directors' Report contains an overview of the Bangladesh economy, Petroleum and Agrochemicals Industries, the financial, operating and corporate responsibility, performances of the Company in FY 2020-21 and highlights the total position and opportunity of the Company.

Preparation of Financial Statements:

The Financial Statements of POCL give a correct and fair view of the state of affairs of the Company and the results of its operation, cash flow and changes in equity. The presented financial statements have been prepared in compliance with International Accounting Standards (IAS) and International Financial Reporting Standards (IFRS) and in accordance with the relevant requirements of the schedule to the Bangladesh Securities and Exchange Rules 1987, in conformity with the Companies Act, 1994 and to give a correct and fair view of the total business activities of the Company to our shareholders. The financial statements are prepared by the management, audited by external auditors appointed in the Annual General

বহিঃনিরীক্ষকদ্বয় কর্তৃক নিরীক্ষিত এবং পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে।

অর্থনৈতিক পরিস্থিতি:

কোভিড-১৯ প্রকোপ মোকাবেলা করে বিশ্ব অর্থনীতি জোড়ালোভাবে পুনরুদ্ধারের দিকে যাচ্ছে। বিশ্বব্যাংক প্রকাশিত 'Global Economic Prospect, June 2021' প্রতিবেদনে ২০২১ সালের বিশ্ব অর্থনীতির প্রবৃদ্ধি ৫.৬ শতাংশ প্রক্ষেপণ করা হয়েছে। ২০২০ সালে প্রবৃদ্ধি সংকুচিত হয়েছিল ৩.৫ শতাংশে। এ প্রবৃদ্ধির অন্যতম নিয়ামক হলো মহামারি মোকাবেলায় রপ্তানিসমূহের গৃহীত পর্যাপ্ত আর্থিক প্রণোদনা কার্যক্রম এবং ভ্যাক্সিন এর প্রাপ্তি ও যথাযথ ব্যবহার।

বাংলাদেশ কোভিড-১৯ মহামারির শুরু পূর্বে ২০১৫-১৬ হতে ২০১৮-১৯ অর্থবছরে গড়ে ৭.৪ শতাংশ হারে প্রবৃদ্ধি অর্জন করে। বিগত ২০১৮-১৯ অর্থবছরে রেকর্ড ৮.১৫ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হয়। তবে কোভিড-১৯ মহামারির কারণে উচ্চ প্রবৃদ্ধির এ গতিধারা ব্যাহত হয়। বিবিএস এর চূড়ান্ত হিসাব অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি ছিল ৩.৫১ শতাংশ। আলোচ্য অর্থবছরে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচি ও টিকাদানের ফলে করোনা পরিস্থিতির উন্নতি হয়। আলোচ্য অর্থবছরে বিশ্ব অর্থনীতি করোনাভাইরাস মোকাবেলার প্রেক্ষাপটে বাংলাদেশের অর্থনীতি দুরে দাঁড়িয়েছে। বিবিএস এর সাময়িক হিসাব অনুযায়ী ২০২০-২১ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৫.৪৭ শতাংশে, যা পারিপার্শ্বিক অন্যান্য দেশের তুলনায় অপেক্ষাকৃত বেশি। বিবিএস এর সাময়িক হিসাব অনুযায়ী ২০২০-২১ অর্থবছরে বৃহৎ ওটি খাতের মধ্যে কৃষি খাতের প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৩.৪৫ শতাংশে, যা গত ২০১৯-২০ অর্থবছরে ছিল ৪.৫৯ শতাংশ। ২০২০-২১ অর্থবছরে বৃহৎ শিল্প খাতের প্রবৃদ্ধি বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৬.১২ শতাংশ, যা গত অর্থবছরে ছিল ৩.২৫ শতাংশ। বৃহৎ সেবা খাতের প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের ৪.১৬ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ২০২০-২১ অর্থবছরে দাঁড়িয়েছে ৫.৬১ শতাংশে। সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন পলিসি এবং আর্থিক প্রণোদনা বিশেষ করে রেমিট্যান্স পাঠানোর উপর ২% নগদ প্রণোদনা প্রদানের ফলে করোনা মহামারি চলমান থাকা সত্ত্বেও আলোচ্য অর্থবছরে দেশের রেমিট্যান্স প্রবাহ গত অর্থবছরের ১৮.২১ বিলিয়ন ইউএস ডলারের চেয়ে ৩৬.০৮% বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ২৪.৭৮ বিলিয়ন ইউএস ডলারে। দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩০শে জুন ২০২১ তারিখে দাঁড়ায় ৪৬.৩৯ বিলিয়ন ইউএস ডলার। মাথাপিছু জাতীয় আয় ২০১৯-২০ অর্থবছরের ২০২৪ মার্কিন ডলার থেকে ২০৩ মার্কিন ডলার বৃদ্ধি পেয়ে আলোচ্য অর্থবছরে ২,২২৭ মার্কিন ডলারে উন্নীত হয়েছে।

করোনাভাইরাসের কারণে অর্থনীতিতে বিরূপ প্রভাব সৃষ্টি হলেও

Meeting and approved by the Board of Directors.

Economic Situation:

The global economy is recovering gradually from the COVID-19 outbreak. In the World Bank published report titled 'Global Economic prospect, June 2021', the economic growth is projected at 5.6 percent in 2021 which was contracted to 3.5 percent in 2020. Substantial fiscal support for the economy and vaccine access as well as proper utilization are the major determinants of this growth.

Before the COVID-19 pandemic, Bangladesh exhibited a steady and high GDP Growth, averaging 7.4 percent per year during FY 2015-16 to FY 2018-19, and reached a record 8.15 percent growth rate in FY 2018-19. However, the high growth rate was hampered by the COVID-19 epidemic. According to the final estimation of BBS, the GDP growth in FY 2019-20 has slowed to 3.51 percent. As a result of government nationwide immunization programs and various measures taken by government, the corona situation improved in the reported year. In the year under review, the economy of Bangladesh has turned around in the context of tackling the coronavirus of the world economy. According to the provisional estimates of BBS, the GDP growth in FY 2020-21 stood at 5.47 percent which is relatively higher than the neighbors countries. According to the provisional estimates of BBS, among the three board sectors, the agriculture sector growth stood at 3.45 percent in FY 2020-21 which was 4.59 percent in FY 2019-20. The broad industry sector growth increased to 6.12 percent which was 3.25 percent in the last year. The broad service sector growth increased to 5.61 percent in FY 2020-21 from 4.16 percent in the previous year. Despite the ongoing corona epidemic, remittance inflows increased by 36.08% to US\$ 24.78 billion in the reported year from US\$ 18.21 billion of the previous year. The growth was mainly due to various policy initiatives and financial support undertaken by the government specially by allowing two percent cash incentive for sending inward remittance through the official channel. The country's foreign exchange reserve stood at US\$ 46.39 billion as on 30.06.2021. The per capita national income rose by US\$ 203 to US\$ 2,227 in the reported year from US\$ 204 in FY 2019-20.

Despite the stagnation in the economy due to

খাদ্য উৎপাদন এবং সরবরাহ চেইন নির্বিঘ্ন রাখার ফলে ২০২০-২১ অর্থবছরের গড় মূল্যস্ফীতির হার লক্ষ্যমাত্রা ৫.৪ শতাংশের বিপরীতে দাঁড়ায় ৫.৫৬ শতাংশ। ২০১৯-২০ অর্থবছরে গড় মূল্যস্ফীতির হার ছিল ৫.৬৫ শতাংশ।

শিল্প পর্যালোচনা:

ক) জ্বালানি তেল খাত:

জ্বালানি তেলের সুষ্ঠু ব্যবস্থাপনা ও নিরবচ্ছিন্ন সরবরাহ দেশের অর্থনৈতিক উন্নয়নে বড় ভূমিকা রাখে। জ্বালানি তেল খাত অর্থনীতির অত্যন্ত গুরুত্বপূর্ণ চালিকা শক্তি, যা সবচেয়ে অগ্রাধিকার সেক্টর হিসেবে গণ্য হয়ে আসছে। সকল অর্থনৈতিক খাতে তেল সেক্টরের প্রত্যক্ষ কিংবা পরোক্ষ প্রভাব রয়েছে।

উন্নয়নের অন্যতম সূচক জ্বালানি চাহিদা বৃদ্ধি। ১৯৭২ সালে দেশে জ্বালানি তেলের সার্বিক চাহিদা ছিল ৮.৪৮ লক্ষ মে.টন, যা ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ২০২০-২১ অর্থবছরে দাঁড়িয়েছে ৬৩.০০ লক্ষ মে.টনে। আলোচ্য অর্থবছরে দেশের মোট জ্বালানি তেলের বিক্রয় গত অর্থবছরের ৫৫.০৩ লক্ষ মে.টন থেকে ১৪.৪৮% বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৬৩.০০ লক্ষ মে.টন। দেশে জ্বালানি তেলের চাহিদা মেটাতে ২০২০-২১ অর্থবছরে বিদেশ হতে পরিশোধিত জ্বালানি তেল ৪২.২৩ লক্ষ মে.টন ও অপরিশোধিত জ্বালানি তেল ১৫.০৬ লক্ষ মে.টন আমদানি করা হয়। উল্লেখ্য, অপরিশোধিত জ্বালানি তেল দেশের একমাত্র তেল শোধনাগার ইস্টার্ন রিফাইনারি লিমিটেডে পরিশোধন করা হয়। এছাড়া, আলোচ্য অর্থবছরে স্থানীয় উৎস থেকে সরকারি বিভিন্ন গ্যাস ফিল্ডস ও বেসরকারি ফ্র্যাকশনেশন প্ল্যান্ট থেকে পেট্রোলিয়াম পণ্য প্রাপ্তির পরিমাণ ছিল সর্বমোট ৪.৩৫ লক্ষ মে.টন। তন্মধ্যে সরকারি গ্যাস ফিল্ডস থেকে ০.৫০ লক্ষ মে.টন এবং বেসরকারি ফ্র্যাকশনেশন প্ল্যান্ট থেকে ৩.৮৫ লক্ষ মে.টন।

দেশের জ্বালানি তেলের পণ্যগোষ্ঠার বিক্রয়:

২০২০-২১ অর্থবছরে দেশের জ্বালানি তেলের পণ্যগোষ্ঠার বিক্রয় নিম্নরূপ

পণ্যের নাম	পরিমাণ (মে.টন)	মোট বিক্রয়ের অনুপাত (%)
জেট এ-১	২,৩৭,৮৯৪	৩.৭৮
অকটেন	৩,০৩,৯১৭	৪.৮২
পেট্রোল	৩,৭৮,৮৪৬	৬.০১
কেরোসিন	১,০১,৭৮৩	১.৬২
ডিজেল	৪৫,৯৭,৫৮৫	৭২.৯৮
ফার্নেস অয়েল	৫,৫৯,০৩২	৮.৮৭
এলডিও	৩৩১	০.০১
জেবিও	১১,৭০৯	০.১৯
লুব অয়েল	২০,৭০৭	০.৩৩
এসবিপিএস	৫৯১	০.০১
এমটিটি	৩,৭৯০	০.০৬
এসপিজি	১২,০০৯	০.১৯
বিটুমিন	৫৮,১৫০	০.৯২
গ্রিস	৫২	০.০০
এলএসএফও	১৩,৩৩৪	০.২১
মোট	৬২,৯৯,৭৩০	১০০.০০

coronavirus, average inflation rate in FY 2020-21 stood at 5.56 percent as against the target of 5.4 percent as a result of uninterrupted food production and supply chain. The average inflation rate in FY 2019-20 was 5.65 percent.

Industry Review:

(a) Fuel Sector:

The organized management and uninterrupted supply of fuel oil play a major role in the economic development of the country. Fuel oil is the most driving force of the economy which is regarding as the most prioritized sector. It has a great influence directly or indirectly in all economic sectors.

Increasing of fuel oil demand is the one of the main indexes of the development. In 1972, the overall demand of fuel oil in the country was 8.48 lakh metric tons, which increased to 63.00 lakh metric tons in FY 2020-21. In the reported year, total sales of fuel oil of the country increased by 14.48% to 63.00 lakh metric tons from 55.03 lakh metric tons of the last year. In order to meeting the demand of fuel oil in the country 42.23 lakh metric tons of refined fuel oil and 15.06 lakh metric tons of crude oil were imported from abroad in FY 2020-21. It is to be noted here that crude oil is being refined at Eastern Refinery Limited, the only one in the country. Besides, 4.35 lakh metric tons of fuel oil was produced by various local gas fields under public sector and different fractionation plants under private sector. Of that, it was 0.50 lakh metric tons from government gas fields and 3.85 lakh metric tons from private fractionation plants.

Product wise sale of petroleum products in the country:

In the fiscal year 2020-21, the sales of different grades of petroleum product in the country are as follows:

Product	Quantity (In MT)	Percentage of Total Sales (%)
Jet A-1	2,37,894	3.78
Octane	3,03,917	4.82
Petrol	3,78,846	6.01
Kerosene	1,01,783	1.62
Diesel	45,97,585	72.98
Furnace Oil	5,59,032	8.87
LDO	331	0.01
JBO	11,709	0.19
Lube Oil	20,707	0.33
SBPS	591	0.01
MTT	3,790	0.06
LPG	12,009	0.19
Bitumen	58,150	0.92
Grease	52	0.00
LSFO	13,334	0.21
Total	62,99,730	100.00

দেশের জ্বালানি তেলের খাতগোয়ারী ব্যবহার:

বাংলাদেশে জ্বালানি তেলের অধিকাংশই ৪ (চার)টি প্রধান সেক্টর যথা: পরিবহন, কৃষি, শিল্প ও বিদ্যুৎ খাতে ব্যবহৃত হয়। সারাদেশে ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরের ব্যবহৃত জ্বালানি তেলের খাতগোয়ারী বিবরণ নিম্নরূপ:

খাত	২০২০-২১ (মে. টন)	(%)	২০১৯-২০ (মে. টন)	(%)
কৃষি	৯,৭৫,৬০৪	১৫.৪৯	৯,৭০,৭৫২	১৫.০০
শিল্প	৪,৫০,৪৩৭	৭.১৫	৪,২১,০৮৮	৭.৬৫
বিদ্যুৎ	৬,৫২,০৬৬	১০.৩৫	৬,৭১,০২১	১০.৭৪
যোগাযোগ	৩৯,৬৩,৭২৫	৬২.৯২	৩৫,৩৬,৪৮৬	৬৪.২৭
গৃহস্থি ও অন্যান্য	২,৫৭,৮৯৮	৪.০৯	১,৮৩,৭৪১	৩.৩৪
মোট	৬২,৯৯,৭৩০	১০০.০০	৫৫,০৩,০৯১	১০০.০০

Sector wise fuel consumption in the country:

Most of the petroleum products in Bangladesh are used in four major sectors namely transport, agriculture, industry and power. The details of the petroleum products used in FY 2020-21 and 2019-20 are as follows:

Sector	(Qty in MT)			
	2020-21	(%)	2019-20	(%)
Agriculture	9,75,604	15.49	9,90,752	18.00
Industry	4,50,437	7.15	4,21,088	7.65
Power	6,52,066	10.35	3,71,021	6.74
Transport	39,63,721	62.92	35,36,489	64.27
Domestic & Others	2,57,898	4.09	1,63,741	3.34
Total	62,99,730	100.00	55,03,091	100.00

Sector wise Petroleum Oil Sale - 2020-2021 (%)



দেশে জ্বালানি তেলের বিভাগগোয়ারী বিক্রয়:

২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরে দেশের জ্বালানি তেলের বিভাগগোয়ারী বিক্রয় নিম্নরূপ:


বিভাগ	২০২০-২১ (মে. টন)	(%)	২০১৯-২০ (মে. টন)	(%)
চট্টগ্রাম	১৪,৪৯,০৯৭	২৩.০০	১১,৬৫,০০৩	২১.১৭
সিলেট	২,০৫,৫২১	৩.২৬	২,০২,৯৮৮	৩.৬৯
ঢাকা	২২,৫৮,৩৬৯	৩৫.৮৫	২০,৮৮,৫২২	৩৭.২৩
ময়মনসিংহ	১,৬৬,৮১৯	২.৬৫	১,৩৯,৯০৮	২.৫৪
রাজশাহী	৭,৪৭,৫৭৭	১১.৮৭	৬,৬০,৫৯৩	১২.০০
রংপুর	৪,৪৯,৩৩৭	৭.১৩	৩,৮৬,৫১৮	৭.০৩
খুলনা	৭,৬০,৮৮২	১২.০৮	৬,৪৭,২৬৩	১১.৭৬
বরিশাল	২,৬২,১২৯	৪.১৬	২,৫২,৩০৮	৪.৫৮
মোট	৬২,৯৯,৭৩০	১০০.০০	৫৫,০৩,০৯১	১০০.০০

Division wise fuel consumption in the country:

In the FY 2020-21 and FY 2019-20, division wise sales of petroleum products in the country are as follows:

Division	(Qty in MT)			
	2020-21	(%)	2019-20	(%)
Chattogram	14,49,097	23.00	11,65,003	21.17
Sylhet	2,05,521	3.26	2,02,984	3.69
Dhaka	22,58,369	35.85	20,48,522	37.23
Mymensing	1,66,819	2.65	1,39,904	2.54
Rajshai	7,47,577	11.87	6,60,593	12.00
Rangpur	4,49,337	7.13	3,86,518	7.03
Khulna	7,60,882	12.08	6,47,263	11.78
Barishal	2,62,129	4.16	2,52,304	4.58
Total	62,99,730	100.00	55,03,091	100.00

Division wise Petroleum Oil Sale - 2020-2021 (%)



বিপণন কোম্পানিসমূহের বিক্রয় ও বাজার অংশীদারিত্ব:

২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর নিয়ন্ত্রণাধীন দেশের তিনটি জ্বালানি তেল বিপণন কোম্পানির বিক্রয় ও বাজার অংশীদারিত্বের বিবরণ নিম্নরূপ:

কোম্পানির নাম	মোট বিক্রয় (লক্ষ মে. টন)	বাজার অংশীদারিত্ব (%)	অবস্থান
মেগনা পেট্রোলিয়াম লি.	২০.২৮	৩২.৯৫	১ম
পদ্মা অয়েল কোম্পানী লি.	২১.৪০	৩৩.৯৭	২য়
যমুনা অয়েল কোম্পানী লি.	১৭.৫১	২৭.৭৯	৩য়

Sale and Market Share of Fuel Oil Marketing Companies:

The details of the sale and market share of three major marketing companies under Bangladesh Petroleum Corporation are as follows in the fiscal year 2020-21:

Company's Name	Total sale (MT in lakh)	Market Share (%)	Position
Meghna Petroleum Ltd.	20.28	32.95	1st
Padma Oil Co. Ltd.	21.40	33.97	2nd
Jamuna Oil Co. Ltd.	17.51	27.79	3rd

Market Share (%) 2020-2021



বিপণন কোম্পানিসমূহের জ্বালানি তেলের পরিবহন ব্যবস্থা:

তেল বিপণন কোম্পানিসমূহের জ্বালানি তেল পরিবহন বহরে বর্তমানে ৯০টি কোস্টাল ট্যাংকার, ৪টি শ্যালো ড্রাফট ট্যাংকার, ৭০টি বে-ক্রসিং শ্যালো ড্রাফট ট্যাংকার এবং ১৫টি মিনি অয়েল ট্যাংকার নিয়োজিত আছে। অনুযায়ী পিওসিএল এর জ্বালানি তেল পরিবহন বহরে ৩৭টি কোস্টাল ট্যাংকার, ১টি শ্যালো ড্রাফট ট্যাংকার, ২৫টি বে-ক্রসিং শ্যালো ড্রাফট ট্যাংকার এবং ৪টি মিনি অয়েল ট্যাংকার রয়েছে। উল্লেখ্য, প্রায় ৯০% জ্বালানি

Transport pool of fuel oil marketing companies:

At present, there are 90 costal tankers, 04 shallow draft tankers and 70 bay crossing shallow draft tankers in three fuel oil marketing companies' transport pool of petroleum products. Of them, POCL has 37 costal tankers, 01 shallow draft tankers, 25 bay crossing shallow draft tankers and 04 mini oil tankers in the POCL's transport pool of

তেল নৌ-পথে, ৮% রেল পথে এবং ২% সড়ক পথে পরিবহন করা হয়ে থাকে।

বিপণন কোম্পানিসমূহের বিপণন নেটওয়ার্ক:

বর্তমানে দেশের ৩টি জ্বালানি তেল বিপণন কোম্পানির বিপণন নেটওয়ার্কে ২২৭১টি ফিলিং স্টেশন, ২,৯১৯টি এজেন্ট/ডিস্ট্রিবিউটর, ৬৬৩টি প্যাকড পয়েন্ট ডিলার, ২,৭৪৩টি এলপি গ্যাসের ডিলার এবং ১১৬টি মেরিন ডিলার রয়েছে। এছাড়া, স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানি লিমিটেড এর ৩৮২টি এলপি গ্যাস ডিলার রয়েছে। পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের বিপণন নেটওয়ার্কে ৬৯৭টি ফিলিং স্টেশন, ৮৫৪টি এজেন্ট/ডিস্ট্রিবিউটর, ২১৭টি প্যাকড পয়েন্ট ডিলার, ৭৩১টি এলপি গ্যাসের ডিলার এবং ৫০টি মেরিন ডিলার রয়েছে।

বিবরণ	মোট	পদ্মা অয়েল কোম্পানী লি.	অনুপাতিক হার (%)
ফিলিং স্টেশনের সংখ্যা	২২৭১	৬৯৭	৩০.৬৯
এজেন্ট/ডিস্ট্রিবিউটর সংখ্যা	২৯১৯	৮৫৪	২৯.২৬
প্যাকড পয়েন্ট ডিলার সংখ্যা	৬৬৩	২১৭	৩২.৭৩
এলপি গ্যাস ডিলারের সংখ্যা	২৭৪৩	৭৩১	২৬.৬৯
মেরিন ডিলারের সংখ্যা	১১৬	৫০	৪৩.১০
সর্বমোট	৯০৯৪	২৫৪৯	২৮.০৩

(খ) দেশের অ্যাগ্রোকেমিক্যালস সেক্টর:

খৃষি নির্ভর অর্থনীতির এ দেশে খৃষি উৎপাদন খৃষির তেল বিকল্প নেই। আর এ উৎপাদন বৃদ্ধির জন্য আধুনিক কৃষি উপকরণ যেমন: উন্নত জাতের বীজ ও সারের পাশাপাশি বালাইনাশকের ব্যবহারও অপরিহার্য। দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্যের চাহিদা পূরণের লক্ষ্যে কৃষির আধুনিকায়নের পাশাপাশি বালাইনাশকের মাফেট তৈরি হয়েছে। পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডসহ দেশীয় এবং বহুজাতিক মিলে ২৫০ টিরও অধিক কোম্পানি বিভিন্ন ধরনের বালাইনাশক পণ্য দেশের বাজারে বিপণন করে আসছে, যা কৃষি ফসল উৎপাদন ও সংরক্ষণে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। ২০১৯-২০ অর্থবছরে দেশের অ্যাগ্রোকেমিক্যালস শিল্পে অ্যাগ্রোকেমিক্যালস পণ্যের মোট বিক্রয়ের পরিমাণ ছিল প্রায় ৩৬,০০০ মে.টন, যা ২০২০-২১ অর্থবছরে দাঁড়ায় প্রায় ৩৫,০০০ মে.টন। তন্মধ্যে পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের বিক্রয়ের পরিমাণ ছিল ১,৮৭৫ মে.টন। এ ক্ষেত্রে দেশে কোম্পানির বাজার অংশীদারিত্ব ৫.৩৬%।

বর্তমানে কোম্পানির বাজারজাতকৃত অ্যাগ্রোকেমিক্যালস পণ্যের সংখ্যা ৪৩টি। এর মধ্যে কোম্পানির নামে নিবন্ধনকৃত পণ্যের সংখ্যা ১৮টি এবং অবশিষ্ট পণ্যসমূহ বিভিন্ন বহুজাতিক কোম্পানি যথা: বিএএসএফ বাংলাদেশ লিমিটেড, হেকেম বাংলাদেশ লিমিটেড এবং রাইসকো বাংলাদেশ লিমিটেডের

petroleum products. It is mentionable here that about 90% of the fuel oil is transported through the river, 8% fuel oil is transported by railway and rest of 2% fuel oil is transported on the road.

Marketing network of fuel oil marketing companies:

At present, there are 2,271 filling stations, 2,919 agents/distributors, 663 packed point dealers and 2,743 LPG dealers and 116 marine dealers in the marketing network of 3 (Three) fuel oil marketing companies in the country. Besides, Standard Asiatic Oil Company Limited has 382 LPG dealers. POCL has 697 filling stations, 854 agents/distributors, 217 packed point dealers, 731 LPG dealers and 50 marine dealers in its marketing network.

Particular	Total	Padma Oil Co. Ltd.	Proportionate Rate (%)
Number of Filling Station	2271	697	30.69
Number of Agent/Distributor	2919	854	29.26
Number of Packed Point Dealer	663	217	32.73
Number of LP Gas Dealer	2743	731	26.69
Number of Marine Dealer	116	50	43.10
Total	9094	2549	28.03

(b) Agrochemicals Sector of the Country:

There is no alternative but to increasing the agricultural production in this country of agro based economy. It is essential to use modern agricultural inputs such as high breed seeds and fertilizer as well as pesticides to increase production. In order to meet the food demand of the country's growing population, there has been created a market of pesticides along with modernization of agriculture. More than 250 domestic and multi-national companies including Padma Oil Company Limited have been marketing various types of pesticide products in this country which are contributing significantly to the production and preservation of agricultural crops. In FY 2019-20, the sales volume of agrochemicals products in agrochemicals industry was about 36,000 metric tons which was stood at 35,000 metric tons in FY 2020-21. Of that, Padma Oil Company Limited's sales figure was 1,875 metric tons. The market share of the company is 5.36% in this regard.

At present, the Company has marketed 43 agrochemicals products. Of these, 18 products are registered in the name of the Company and the remaining products are from various multinational companies such as BASF Bangladesh Limited, Haychem Bangladesh Limited and Riceco Bangladesh

নামে নিবন্ধনকৃত। কীটনাশক পণ্য কৃষিতে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বেশ কয়েকটি গবেষণায় দেখা গেছে যে, অ্যাগ্রোকেমিক্যালস পণ্যের ব্যবহারে কৃষি পণ্যের উৎপাদন ও উৎপাদন ক্ষমতা বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখে।

কোম্পানির কার্যক্রম:

কোম্পানির মূল কার্যক্রম হলো জ্বালানি তেল, লুব্রিকেন্টস ও গ্রিজ, বিটুমিন ও এলপিগিজ সংগ্রহ, মজুদ, বাজারজাতকরণ ও বিপণন। তার সাথে কোম্পানি কৃষি কীটনাশক পণ্য ও বিপণন করে। ফলে কোম্পানির ব্যবসার দুটি উল্লেখযোগ্য অংশ রয়েছে (ক) জ্বালানি তেল ও (খ) অ্যাগ্রোকেমিক্যালস পণ্য।

কোম্পানির ব্যবসায়িক ফলাফল: ২০২০-২১

(ক) জ্বালানি তেল:

আলোচ্য অর্থবছরে কোম্পানির জ্বালানি তেল বিক্রয়ের পরিমাণ ২১,৪০,০৫৩ মে.টন, যা গত অর্থবছরে ছিল ১৯,৬৩,৫১৫ মে.টন। ২০২০-২১ অর্থবছরে কোম্পানির পেট্রোলিয়াম পণ্যের মোট বিক্রয়ের পরিমাণ গত অর্থবছরের তুলনায় ৮.৯৯% বৃদ্ধি পেয়েছে। পেট্রোলিয়াম পণ্যের মধ্যে আলোচ্য অর্থবছরে গত অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে অকটেন ১৮.৮৯%, পেট্রোল ১৫.৯৯%, কেরোসিন ৮.১৭%, ডিজেল ১৪.৬৪%, এলডিও ৫০.৭১%, ফার্নেল অয়েল ৪১.৩৫%, এসবিপি ১৭.৫৮%, লুব ও গ্রিজ ৭.০৯% এবং বিটুমিন, এলপিগিজ ও অন্যান্য পণ্য ১২৭.৪৪%। অন্যদিকে, বিক্রয় হ্রাস পেয়েছে এভিয়েশন ফ্যুয়েল ৩১.৫৫%, জুট ব্যাচিং অয়েল ১০.৬১% ও এম.টি.টি ৩৪.৪৪%। কোভিড-১৯ মহামারির কারণে আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ উড়োজাহাজ সীমিত আকারে চলাচলের কারণে এভিয়েশন ফ্যুয়েল বিক্রয়ের পরিমাণ বিপত অর্থবছরের তুলনায় ২০২০-২১ অর্থবছরে ১,০৮,০৭০ মে.টন অর্থাৎ ৩১.৫৫% হ্রাস পেয়েছে। বিভিন্ন সরকারি এবং বেসরকারি জুট মিলে জেবিও এর চাহিদা হ্রাস পাওয়া তথা জেবিও এর বিকল্প হিসেবে “ফুড গ্রেড” ব্যাচিং অয়েল ব্যবহারের ফলে এ কোম্পানির জেবিও সরবরাহ হ্রাস পায়।

(খ) কৃষি কীটনাশক পণ্য:

আলোচ্য অর্থবছরে কোম্পানির অ্যাগ্রোকেমিক্যালস পণ্যের বিক্রয়ের পরিমাণ ১,৮৭৫ মে.টন, যা গত অর্থবছরে ছিল ২,০৮৯ মে.টন। আলোচ্য অর্থবছরে কোভিড-১৯ এর প্রভাবে কোম্পানির অ্যাগ্রোকেমিক্যালস পণ্যের বিক্রয়ের পরিমাণ গত অর্থবছরের তুলনায় ২১৪ মে.টন অর্থাৎ ১০.২৪% হ্রাস পেয়েছে। মেট্রিক টনের হিসেবে অ্যাগ্রোকেমিক্যালস পণ্যের মোট বিক্রয় হ্রাস পেলেও টাকার অংকে আলোচ্য অর্থবছরে গত অর্থবছরের তুলনায় মোট বিক্রয়ের পরিমাণ ৬.০০% বৃদ্ধি পেয়েছে। কোম্পানির সর্বাধিক বিক্রিত পণ্য ফুরাতান ৫জি

Agrochemicals pesticides are playing a vital role in Bangladesh agriculture. Several research studies have shown that use of pesticide products contributes significantly to increase the productivity and production of agricultural products.

POCL Activities:

The principal activities of the Company are procurement, storage and marketing of petroleum products, lubricating & greases, bitumen and LPG. In addition, the Company has been engaged with marketing of agrochemicals products. Thus, the Company's business has two reportable segments (a) Petroleum and (b) Agrochemicals.

Company's Business performance: 2020-21:

(a) Petroleum Products:

The Company's total sales volume of petroleum products was 21,40,053 metric tons as against 19,63,515 metric tons in the last year. The Company's fuel oil sales increased by 8.99% in FY 2020-21 over the last year. In the corresponding year, among the petroleum products, sales of Octane increased by 18.89% Petrol 15.99%, Kerosene 8.17%, Diesel 14.64%, LDO 50.71%, FO 41.35%, SBP 17.58%, Lube & Grease 7.09% and Bitumen, LPG & other products 127.44%. On the other hand, in the reporting year Aviation fuel decreased by 31.55%, Jute batching oil 10.61% and MTT 34.44%. Sales of aviation fuel decreased by 1,08,070 metric tons or 31.55% in FY 2020-21 compared to the previous year due to limited operation of international and domestic flights due to the COVID-19 epidemic. The Company's JBO supply decreased as a result of reduced demand for JBO by various public and private jute mills because of use of food grade batching oil as an alternative to JBO.

(b) Agrochemicals Products:

During the year under review, the Company's agrochemicals sales stood at 1,875 metric tons as against 2,089 metric tons in the last year. The sales of the Company's agrochemicals products decreased by 214 metric tons or 10.24% in the year under review compared to the previous fiscal year. Although the total sales of agrochemicals products declined in metric tons but in amount of taka total sales increased by 6% in the reported year as compared to the last year. The Company lost a market share of more than

বিক্রয় সরকারি সিদ্ধান্তের কারণে বন্ধ হয়ে যাওয়ায় প্রায় ৩,০০০ মেট্রিক টনের অধিক অ্যাগ্রোকেমিক্যালস পণ্যের মার্কেট ছাড়া পেরেছে। অ্যাগ্রোকেমিক্যালস পণ্যের বিক্রয় ক্ষতির লক্ষ্যে কোম্পানি কর্তৃক দু'টি দানাদার পণ্য যেমন: অপটিমাস ৫জি (এফএমসি, আমেরিকা) এবং ইউজেন্ট ৩জি (ইউপিএল, ভারত) বাজারজাত করা শুরু হয়েছে। এর ফলে আগামী অর্থবছরে উক্ত পণ্যের বিক্রয়ের মাধ্যমে মোট বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

কোম্পানির বিক্রয় নেটওয়ার্ক:

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের দেশব্যাপী একটি শক্তিশালী বিপণন নেটওয়ার্ক রয়েছে। ৩০শে জুন ২০২১ খ্রি. পর্যন্ত জ্বালানী পণ্য বিপণনে দেশের বিভিন্ন অঞ্চলস্থ স্থানে বিভিন্ন পর্যায়ে কোম্পানির মোট ২,৫৪৯টি ডিস্ট্রিবিউটর আছে, যা নিম্নরূপ:

বিভাগ	ফিলিং স্টেশন	এজেন্ট/ডিস্ট্রিবিউটর	প্যাক পয়েন্ট ডিলার	এলপি ডিলার	মার্স ডিলার	সরাসরি গ্রাহক
চট্টগ্রাম	১১১	২০৫	৬৩	৩৩২	২৮	বঙ্গদেশ সেনা, নৌ ও বায়ু বাহিনী, কোস্টগার্ড, বাংলাদেশ সোয়াপ, ইপিআই, সড়ক ও জনপথ, রেলওয়ে, মৎস্য বিভাগ, চট্টগ্রাম ও মোকো বন্দর কর্তৃক ৩৯ টি স্থান সংকলন।
বিজয়পুর	৫৫	৫৫	০১	০৬	০	
ঢাকা	১৫৩	১২৫	১৫	৯	১৩	
ময়মনসিংহ	২৭	২২	৫	০	০	
বরিশাল	২০	৪৭	২৫	৩২	৭	
খুলনা	৯৭	১৬৩	১৯	১২৪	২	
রাজশাহী	১১১	১৪০	২২	১৫৩	০	
রংপুর	১২৩	৯৭	১৭	৩২	০	
সর্বমোট	৬৯৭	৮৫৪	২১৭	৭৩১	৫০	

অন্যদিকে, অ্যাগ্রোকেমিক্যালস পণ্য বিপণনে সারাদেশে কোম্পানির ৩৭৩টি লাইসেন্সপ্রাপ্ত অ্যাগ্রোকেমিক্যালস ডিস্ট্রিবিউটর নিয়োজিত আছে এবং প্রায় ১০,০০০টি লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাদের মাধ্যমে কৃষকদের দ্বারপ্রান্তে পণ্য সরবরাহ করা হয়।

কোম্পানির ডিপো নেটওয়ার্ক:

বর্তমানে কোম্পানির পরিচালন কার্যক্রম সম্পাদনের জন্য প্রধান স্থাপনাসহ দেশব্যাপী ২০টি ডিপো রয়েছে। তন্মধ্যে ১টি প্রধান স্থাপনা, ৯টি রিভারাইন ডিপো, ৩টি রেশ হেড ডিপো, ৩টি এভিয়েশন ডিপো এবং ব্রাহ্মণবাড়িয়াতে গ্যাস ফিল্ড হতে সরাসরি পাইপলাইনের মাধ্যমে জ্বালানী তেল গ্রহণের জন্য ১টি ডিপো। কোম্পানি এককভাবে দেশের তিনটি আন্তর্জাতিক বিমানবন্দরে (হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা; হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এবং ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট) দেশি-বিদেশি উড়োজাহাজে এভিয়েশন ফ্যুয়েল জেট এ-১ সরবরাহ করে। এছাড়া, কোম্পানি দেশব্যাপী ১৩টি অ্যাগ্রোকেমিক্যালস ডিপোর মাধ্যমে অ্যাগ্রোকেমিক্যালস পণ্যের বিপণন কার্যক্রম পরিচালনা করে থাকে।

3000 metric tons of agrochemicals products as the sale of the Company's best-selling product Furadan 5G was stopped due to a government decision. The marketing of two granular products such as Optimus 5G (FMC, USA) and Ugent 3G (UPL, India) has already started to increase the sales of agrochemical products. As a result, total sales are expected to increase through the sales of above products in the next fiscal year.

Company's Distribution Network:

Padma Oil Company Limited has a strong marketing network across the country. There are 2,549 distributors in the Company at different levels in the country's important place in the marketing network of petroleum products as on 30.06.2021 as follows:

Name of the Division	Filling Station	Agent/ Agency/ Distributor	Packed Point Dealer	LPG Dealer	Mars Dealer	Direct Customer
Chittagong	111	205	63	332	28	Bangladesh Army, Navy and Air Force, Coastguard, ED, Railway, BPOB, Roads & Highway, LGED, Fertilizer factory- Chattogram, Mongla port and various industries.
Sylhet	55	55	51	43	0	
Dhaka	153	125	15	9	13	
Mymensingh	27	22	5	0	0	
Barisal	20	47	25	32	7	
Khulna	97	163	19	124	2	
Rajshahi	111	140	22	153	0	
Rangpur	123	97	17	32	0	
Total	697	854	217	731	50	

On the other hand, the Company employs 373 licensed agrochemicals distributors across the country and supplies products to farmers through about 10,000 licensed vendors.

Company's Depot Network:

Currently there are 20 depots of the Company across the country including Main Installation to operate the Company's operational activities. Of these, there are a Main Installation, 9(nine) Riverine depots, 6(six) Rail-head depots, 3(three) Aviation depots and another one depot for receiving fuel oil directly through pipeline from Brahmanbaria Gas Field. The Company is solely supplying Aviation Fuel Jet-A-1 to the domestic and overseas aircrafts at the three international airports (Hazrat Shahjalal International Airport, Dhaka, Hazrat Shah Amanat International Airport, Chattogram and Osmani International Airport, Sylhet). In addition, the Company operates its marketing activities of agrochemicals products through 13 depots across the country.

কোম্পানির জ্বালানি তেলের মজুদ ক্ষমতা:

ন্যাশনাল এনার্জি পলিসি-২০০৪ অনুযায়ী দেশে জ্বালানি তেলের কৌশলগত মজুদ ৬০ দিন বজায় রাখতে হবে। সে লক্ষ্যে বিপিসি ও এর অঙ্গ-প্রতিষ্ঠানসমূহ মজুদ বৃদ্ধির বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করেছে। উল্লেখ্য, ২০০৯-২০১০ অর্থবছরে দেশের জ্বালানি তেলের মজুদ ক্ষমতা ছিল প্রায় ৯.০০ লক্ষ মেট্রিক টন যা পরবর্তীতে ধাপে ধাপে বৃদ্ধি করা হয়েছে। গত ০১ (এক) দশকে এ ক্ষমতা প্রায় ৪.৬৬ লক্ষ মেট্রিক টন বৃদ্ধি করে ২০২০-২১ অর্থবছরে প্রায় ১৩.৬০ লক্ষ মেট্রিক টনে উন্নীত করা হয়েছে।

সারাদেশে ডিজেল, অকটেন, পেট্রোল, জেট এ-১ ও ফার্নেস অয়েল এর মজুদ ক্ষমতা বৎসরসে ৬১৫,৭০৬ মেট্রিক টন, ৩৬,৮৮৬ মেট্রিক টন, ২৬,৪৪০ মেট্রিক টন, ৩২৪,৪২৬ মেট্রিক টন ও ১৪৯,৮৯৪ মেট্রিক টন। বিক্রয়ের গড় পরিমাণ বিবেচনায় পর্যায়সমূহের অর্ধাৎ ডিজেল, অকটেন, পেট্রোল, জেট এ-১ ও ফার্নেস অয়েল এর যথাক্রমে ৪৩ দিন, ৩৫ দিন, ২২ দিন, ৬২ দিন ও ৫৯ দিনের মজুদ রাখা সম্ভব।

বিপিসি কর্তৃক (১) "ইনস্টলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং (SPM) উইথ ডাবল পাইপলাইন", (২) "India-Bangladesh Friendship Pipeline (IBFPL)", (৩) "জেট এ-১ পাইপলাইন রুম পিস্তলপাড়া (নিম্ন কাকদা গ্রাম) হু হুর্জিগোলা এজিয়েশন জিপো (কেএডি) ইনস্টলেশন পাল্পিং ফ্যাসিলিটিজ" ও (৪) "চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইনে জ্বালানি তেল পরিবহন" শীর্ষক প্রকল্পসমূহ বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পসমূহ বাস্তবায়িত হলে আশাযী ২ বছরে জ্বালানি তেলের মজুদ ক্ষমতা প্রায় ২.৯৮ লক্ষ মেট্রিক টন বৃদ্ধি পাবে। বিপিসির আওতাধীন অঙ্গ প্রতিষ্ঠানসমূহের জ্বালানি তেলের মোট মজুদ ক্ষমতার মধ্যে ইআরএল এর ৫.০০ লক্ষ মে.টন, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের ২.৮৯ লক্ষ মে.টন, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের ২.৩৩ লক্ষ মে.টন এবং যমুনা অয়েল কোম্পানী লিমিটেডের ২.২২ লক্ষ মে.টন জ্বালানি তেলের মজুদ ক্ষমতা রয়েছে। ৩০শে জুন ২০২১ পর্যন্ত পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের প্রধান স্থাপনা ও বিভিন্ন ডিপোর জ্বালানি তেলের মজুদ ক্ষমতা নিম্নে বিবৃত হলো:

ডিপো/স্থান	সারণক্ষমতা (মে.টন)
প্রধান স্থাপনা, চট্টগ্রাম	১,৪৩,৬৭৪
গোদনাইল ডিপো, নারায়ণগঞ্জ	৩০,৭৭১
দৌলতপুর ডিপো, খুলনা	২৪,৮৩১
মোংলা অয়েল ইন্স্টলেশন, মোংলা	৩১,৬০১
বাঘাবাড়ি ডিপো, ব্রাহ্মণবাড়িয়া	২২,১১৪
চাঁদপুর ডিপো, চাঁদপুর	৪,৩১১
আশুগঞ্জ ডিপো, ব্রাহ্মণবাড়িয়া	২,৭৯৫
ব্রাহ্মণবাড়িয়া ডিপো	২,৯১৭
ভৈরববাজার ডিপো	৬৮২
সিলেট ডিপো	২,৯৪৮
শ্রীমঙ্গল ডিপো	১,১৭৬
পার্বতীপুর ডিপো	৫,৪১৪
রংপুর ডিপো	৯০৪
নাটোর ডিপো	১,১৪২
রাজশাহী ডিপো	সরাসরি রেলওয়ে ওয়াগন থেকে সরবরাহ করা হয়।
বরিশাল বার্জ ডিপো, বরিশাল	৬৭৮
ঝালকাঠি ডিপো	২,৮৯৯
কুর্মিটোলা এজিয়েশন ডিপো	৮,৪৭৬
ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর ডিপো	১,০২৬
শাহ-আমানত আন্তর্জাতিক বিমানবন্দর ডিপো	৯৯৬
সর্বমোট	২,৮৯,৩৫৮

Company's Storage Capacity:

According to the National Energy Policy-2004, the strategic reserves of fuel oil of the country should be maintained for 60 days. To this end, BPC and its subsidiary companies have bundled up various reserve growth activities. It may be mentioned that the country's fuel oil storage capacity was about 9.00 lakh metric tons in the fiscal year 2009-10 which has been gradually increased. In the last one decade, this capacity has been increased by about 4.66 lakh metric tons and in the fiscal year 2020-21 it has been increased to about 13.60 lakh metric tons.

The storage capacity of Diesel, Octane, Petrol, Jet A-1 and Furnace oil across the country is 6,15, 706 metric tons, 36,886 metric tons, 26,440 metric tons, 3,24,426 metric tons and 1,49,894 metric tons respectively. Considering the average sales volume, it is possible to keep stock of products i.e. Diesel, Octane, Petrol, Jet A-1 and Furnace oil for 43 days, 35 days, 22 days, 62 days and 59 days respectively.

The projects of (1) 'Installation of Single Point Mooring (SPM) with double pipeline' (2) 'India-Bangladesh Friendship Pipeline (IBFPL)' (3) 'Jet A-1 pipeline from Pitolganj (near Kanchan Bridge) to Kurmitola Aviation Depot (KAD) including pumping facilities', and (4) 'Fuel oil transport in pipeline from Chattogram to Dhaka' are under implementation. After implementation of these project, the total storage capacity of fuel oil will be increased about 2.98 lakh metric tons. Of the total storage capacity of petroleum products of the subsidiary companies under Bangladesh Petroleum Corporation in the country, there are 5.00 lakh metric tons storage capacity of Eastern Refinery Limited, 2.89 lakh metric tons storage capacity of Padma oil Company Limited, 2.33 lakh metric tons storage capacity of Meghna Petroleum Limited and 2.22 lakh metric tons storage capacity of Jamuna Oil Company Limited. The storage capacity of fuel oil at Main Installation and various depots of the Company as on 30 June 2021 is as follows:

Depot Name	Storage Capacity (Qty in MT)
Main Installation, Chattogram	1,43,674
Godanail Depot, Narayanganj	30,771
Daulatpur Depot, Khulna	24,831
Mongla Oil Installation	31,601
Baghabari Depot, Sirajganj	22,114
Chandpur Depot, Chandpur	4,311
Ashuganj Depot, Brahmanbaria	2,795
Brahmanbaria Depot	2,917
Bhairab Bazar Depot	682
Sylhet Depot	2,948
Srimangal Depot	1,176
Parbatipur Depot	5,414
Rangpur Depot	904
Natore Depot	1,142
Rajshahi Depot	Supply directly from Railway Wagon
Barishal Barge Depot, Barishal	678
Jhalakati Depot	2,899
Kurmitola Aviation Depot	8,479
Osmati International Airport Depot	1,026
Shah Amanat International Airport Depot	996
Total	2,89,358

আর্থিক ফলাফল: ২০২০-২১

পরিচালকমন্ডলী ৩০ জুন, ২০২১ তারিখে সমাপ্ত বছরের আর্থিক চিত্রের বর্ণনা নিম্নে প্রদান করছে:

	(কোটি টাকা)		
বিবরণ	২০২০-২১	২০১৯-২০	(ক্রয়)/বৃদ্ধি (%)
পেট্রোলিয়াম পণ্য মোট আয়	২১৬.১২	২১৫.৮১	০.১৪
পেট্রোলিয়াম পণ্য নিট আয়	২১৩.৭৫	২১৮.৪৬	(২.১৬)
পরিচালন খরচ	(২১৪.৯৬)	(২৩০.৪১)	(৬.৭১)
পেট্রোলিয়াম খাতে পরিচালন মুনাফা	(১.২১)	(১১.৬৪)	৮৯.৮৭
অন্যান্য পরিচালন আয়	৬৫.২৪	৮৭.৪১	(২৬.২৪)
অ্যাগ্রোকেমিক্যালস ব্যবসায় পরিচালন ক্ষতি	(২.৯৪)	(২.১৮)	২.৫৮
মোট পরিচালন মুনাফা	৪১.১০	৭২.৫৯	(৪৩.৫৮)
অপরিচালন আয়	২৬৬.৮৬	৩১০.৫৭	(১৪.০০)
ডেবিটপিসিএফ পূর্ব মুনাফা	৩০৮.০৫	৩৮২.৯৬	(১৯.৫৭)
ডেবিটপিসিএফ-এ দেয়	(১৫.৪০)	(১৯.১৫)	(১৯.৫৭)
করাপূর্ব মুনাফা	২৯২.৬৫	৩৬৩.৮১	(১৯.৫৭)
আয়কর বরাদ্দ	(৬৪.০৩)	(৯০.৮৫)	(২৯.৫২)
করান্তর মুনাফা	২২৮.৬২	২৭২.৯৬	(১৬.২৫)
অন্য বৃত্তি ইত্যাদি বিমোহিত থেকে উৎস মুনাফা	(৮.৬১)	(১০.১৬)	(১৪.২৬)
মোট কমপ্রিহেনসিভ আয়	২২০.০০	২৬২.৮০	(১৬.২৯)

আর্থিক পর্যালোচনা:

নিম্নে ২০২০-২১ অর্থবছরে কোম্পানির আর্থিক ফলাফলের উপর একটি পর্যালোচনা বিবৃত হলো:

পেট্রোলিয়াম পণ্য গ্রুপ আয়:

২০২০-২১ অর্থবছরে পেট্রোলিয়াম পণ্য গ্রুপ আয় ২১৬.১২ কোটি টাকা, যা ২০১৯-২০ অর্থবছরের ২১৫.৮১ কোটি টাকার তুলনায় ০.১৪% বেশি। জেট এ-১ বিক্রয় বারদ কোম্পানির প্রতি লিটারে অপেক্ষাকৃত বেশি মার্জিন পেয়ে থাকে বিষয় সামগ্রিকভাবে কোম্পানির মোট বিক্রয়ের পরিমাণ গত অর্থবছরের তুলনায় ৮.৯৯% বৃদ্ধি পাওয়া সত্ত্বেও এভিয়েশন ফ্যুয়েল এর বিক্রয়ের পরিমাণ বিগত অর্থবছরের তুলনায় ১,০৮,০৭০ মে.টন অর্থাৎ ৩১.৫৫% ক্রাস পাওয়ার পেট্রোলিয়াম পণ্যের বিক্রয় খাতে আয় হার ০.১৪% বৃদ্ধি পায়।

পেট্রোলিয়াম পণ্য নিট আয়:

২০১৯-২০ অর্থবছরে কোম্পানির পেট্রোলিয়াম পণ্য বিপণনে নিট আয় ছিল ২১৮.৪৬ কোটি টাকা, যা ২০২০-২১ অর্থবছরে হয়েছে ২১৩.৭৫ কোটি টাকা। ক্রাসের হার ২.১৬%।

অ্যাগ্রোকেমিক্যালস ব্যবসায় পরিচালন ক্ষতি:

আলোচ্য অর্থবছরে কোম্পানির অ্যাগ্রোকেমিক্যালস ব্যবসায় পরিচালন ক্ষতি হয়েছে ২.৯৪ কোটি টাকা। গত অর্থবছরে এ-খাতে ক্ষতির পরিমাণ ছিল ২.১৮ কোটি টাকা। অ্যাগ্রোকেমিক্যালস ব্যবসা লাভজনক করার লক্ষ্যে সকল কার্যক্রম অব্যাহত রয়েছে।

Financial Result: 2020-21:

The Directors take immense pleasure in reporting the following financial results of the Company for the year ended 30 June 2021:

	Taka in crore		
Particulars	2020-2021	2019-20	(decrease)/increase (%)
Gross profit on petroleum products	216.12	215.81	0.14
Net profit on petroleum products	213.75	218.46	(2.16)
Operating expenses	(214.96)	(230.41)	(6.71)
Operating Profit on petroleum	(1.21)	(11.94)	89.87
Other operating income	45.24	87.41	(48.24)
Operating loss on Agrochemicals trading	(2.94)	(2.88)	2.08
Total operating profit	41.10	72.59	(43.38)
Non-operating income	266.83	310.37	(14.00)
Profit before WPPF	308.03	382.96	(19.57)
Contribution to WPPF	(15.40)	(19.15)	(19.60)
